



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ১৭/০৫/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সিকিউরিটি সার্ভিলেন্স কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে সিকিউরিটি সার্ভিলেন্স সিস্টেম কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। অদ্য ১৭ মে ২০১৮ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক তাঁর সভাকক্ষে আনুষ্ঠানিক ভাবে এ কার্যক্রমের উদ্বোধন করেন। এর মাধ্যমে পুরো বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সিসি টিভি ক্যামেরার আওতায় আনা হয়েছে। নেটওয়ার্ক ও আইটি দপ্তরের পরিচালক সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসেন ফয়সালের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, পরিচালকগণ, দপ্তরপ্রধান, শিক্ষকমণ্ডলী এবং আইটি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস